

# الْقَهَّارُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহা।

বিসমিল্লাহির রহমানির রহিম।

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ১৬তম নাম ‘الْقَهَّارُ’ (আল কাহহার) আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْقَهَّارُ’ শব্দের মূল ق ه ر - এই মূল শব্দ থেকে গঠিত শব্দ ‘তাকহার’, ‘কাহহার’, ‘কাহেরু’ এবং ‘কাহেরুন’ শব্দ গুলো মোট ১০ বার পবিত্র কোরআন মাজিদে এসেছে। এর মধ্যে ৮ বারই আল্লাহর উদ্দেশ্যে ব্যবহার হয়েছে। ‘الواحدالقهار’ ছয়বার এবং ‘وهوالقاهر’ দুইবার। এতিমদের উপর কঠোর আচরনের নিষেধাজ্ঞা ও ফেরাউনের সময় বনী ইসরাইলের কন্যা সন্তানের উপর ফেরাউনের প্রবল বিদ্বেষ (অর্থ্যাৎ হত্যা) বুঝাতে ব্যবহার হয়েছে। আল্লাহ ‘الْقَهَّارُ’ অর্থ: আল্লাহ ‘প্রভাব বিস্তারকারী মহাশক্তিধর’।

পবিত্র কুরআন মাজিদে ইরশাদ হচ্ছে:

يَوْمَ تُبَدَّلُ الْأَرْضُ غَيْرَ الْأَرْضِ وَالسَّمَاوَاتُ وَبَرَزُوا لِلَّهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿٤٨﴾

সূরা ইব্রাহিম ৪৮ নং আয়াত -

যেদিন এই পৃথিবী পরিবর্তিত হয়ে যাবে অন্য এক পৃথিবীতে এবং মহাকাশও, তখন সমস্ত মানুষ উপস্থিত হয়ে যাবে আল্লাহর সামনে, যিনি এক এবং মহাপরাক্রমশালী।

জেলখানায় ইউসুফ আ: এর উপদেশ কারা সাথীদের:

يُصَاحِبِي السِّجْنِ أَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمْ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٣٩﴾

সূরা ইউসুফ ৩৯ নং আয়াত -

এই আমার প্রিয় কারা সাথীরা! (তোমরাই বলো:) বহু স্বতন্ত্র (দুর্বল-অক্ষম) খোদা ভালো, নাকি এক দুর্জয় অপ্রতিরোধ্য মহান আল্লাহ ভালো?

قُلْ إِنَّمَا أَنَا مُنذِرٌ وَمَا مِنِّي إِلَهٌ إِلَّا اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٦٥﴾

### সূরা সোয়াদ ৬৫ নং আয়াত -

হে নবী! বল: আমি তো একজন সতর্ককারী মাত্র। প্রবল প্রতাপশালী আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই।

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ ﴿١٨﴾

### সূরা আনআ'ম ১৮ নং আয়াত -

তিনি নিজ বান্দাদের উপর প্রচণ্ড ক্ষমতাসীল। তিনি প্রজ্ঞাবান, সব বিষয়ে খবর রাখেন।

وَهُوَ الْقَاهِرُ فَوْقَ عِبَادِهِ وَيُرْسِلُ عَلَيْكُمْ حَفَظَةً حَتَّىٰ إِذَا جَاءَ أَحَدَكُمُ الْمَوْتُ تَوَفَّيْتَهُ  
رُسُلَنَا وَهُمْ لَا يُفَرِّطُونَ ﴿٦١﴾

### সূরা আনআ'ম ৬১ নং আয়াত -

নিজ বান্দাদের উপর তিনি দুর্জয় ক্ষমতাসীল। তিনি তোমাদের উপর রক্ষক পাঠান। অবশেষে যখন তোমাদের কারো মৃত্যুর সময় হয়, তখন আমার প্রেরিত (ফেরেশতারা) তার মৃত্যু ঘটায় এবং তারা কোনোই ত্রুটি করে না।

### হাদীসে কুদসী:

আল্লাহ বলেন, হে আমার বান্দা তোমার ইচ্ছা-সংকল্প এবং আমার আদেশ- অভিপ্রায়- পছন্দ। তুমি যদি আমার আদেশ এর নিকট আত্মসমর্পণ করো, তবে আমি তোমার সব ইচ্ছা পূরণ করবো। কিন্তু তুমি যদি আমার আদেশ এর নিকট আত্মসমর্পণ না করো, তবে আমি তোমার ইচ্ছা পূরণ করব না। এবং পরিশেষে আমার অভিপ্রায়- আদেশই কার্যকর হবে।

আসুন, আমরা দুর্জয় অপ্রতিরোধ্য আল্লাহর নিকট আত্মসমর্পণ করে, তাঁর ইবাদতে সদা সর্বদা নিয়োজিত থাকি। আল-কাহহার আল্লাহর অবাধ্য হওয়া, তাঁর নির্দেশ মেনে না চলা অপরাধ। সবচেয়ে বড় অপরাধ আল্লাহর সাথে কাউকে শরীক করা। শিরকের গুনাহ আল্লাহ ক্ষমা করবেন না। শিরক থেকে বেঁচে থাকার জন্য আমাদের প্রাণান্তকর চেষ্টা সাধনা করা উচিত। আল্লাহ আমাদের সাহায্য করুন।

আমীন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুল্লাহ